

## জেলা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# প্রধানমন্ত্রী স্বর্ণপদকের জন্য মনোনীত ছয়জনই নারী

সংবাদদাতা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

স্নাতকে সর্বোচ্চ ফলাফলের জন্য প্রতিবছর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) স্বর্ণপদক প্রদান করে। এবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছয় শিক্ষার্থী ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৯’-এর জন্য মনোনীত হয়েছেন। মনোনীত শিক্ষার্থীরা সবাই নারী।

গতকাল সোমবার ইউজিসির ওয়েবসাইটে মনোনীত শিক্ষার্থীদের এ তালিকা প্রকাশ করা হয়। এ বছর প্রধানমন্ত্রী স্বর্ণপদকের জন্য ৩৬টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ থেকে ১৭৮ জন শিক্ষার্থীকে মনোনীত করা হয়েছে।

স্বর্ণপদকের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে মনোনীত শিক্ষার্থীরা হলেন কলা ও মানবিক অনুষদ থেকে নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষার্থী মৌসুমী আক্তার (সিজিপিএ-৩.৮০), গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ থেকে পরিবেশবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী বিউটি আক্তার (সিজিপিএ-৩.৯১), সমাজবিজ্ঞান অনুষদ থেকে অর্থনীতি বিভাগের শিক্ষার্থী মারুফাতুন নাহার (সিজিপিএ-৩.৯৬), জীববিজ্ঞান অনুষদ থেকে মাইক্রোবায়োলজি বিভাগের শিক্ষার্থী মুমতারিন জান্নাত ঐশী (সিজিপিএ-৩.৯৫), ব্যবসায় অনুষদ থেকে মার্কেটিং বিভাগের শিক্ষার্থী রাবেয়া জান্নাত (সিজিপিএ-৩.৯৩) এবং আইন অনুষদ থেকে আইন ও বিচার বিভাগের শিক্ষার্থী লিমা আক্তার (সিজিপিএ-৩.৮১)।

ইউজিসি বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে প্রার্থীদের আবেদন যাচাই-বাছাই করে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করে। সেখানে দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে প্রথম স্থান অর্জনকারী শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর স্বর্ণপদকে ভূষিত হন। ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৯’-এর জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা ইউজিসির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এতে বলা হয়েছে, ইউজিসির দেওয়া তালিকার বিষয়ে কোনো প্রার্থীর বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুনির্দিষ্ট অভিযোগ বা আপত্তি থাকলে যথাযথ প্রমাণসহ ৫ মের মধ্যে ইউজিসিকে জানাতে হবে।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো